



তারিখ : ২৮ মার্চ ২০২৪

## প্রেস বিজ্ঞপ্তি

### বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এর শোকবার্তা

‘৭১ এর রণাঙ্গনের বীর মুক্তিযোদ্ধা, সুনামগঞ্জ-১ আসনের তিনবারের সাবেক সংসদ সদস্য, সুনামগঞ্জ জেলা বিএনপির সাবেক সভাপতি ও বর্তমান জেলা বিএনপির সদস্য মোঃ নজির হোসেন আজ ভোর ৪:২০ মিনিটে রাজধানীর আব্দুল্লাহপুর আহুছানিয়া মিশন ক্যান্সার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন। তাঁর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

আজ এক শোকবার্তায় বিএনপি মহাসচিব বলেন, “সাবেক রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমান বীর উত্তম এর নীতি ও আদর্শ এবং বাংলাদেশী জাতীয়তাবাদী দর্শনে গভীরভাবে আস্থাশীল মরহুম নজির হোসেন তাঁর জীবদ্দশায় সকল অগণতান্ত্রিক শক্তির বিরুদ্ধে মানুষের মৌলিক ও গণতান্ত্রিক অধিকারের আন্দোলনে নিজেকে সম্পৃক্ত রেখেছিলেন এবং সুনামগঞ্জ জেলা বিএনপি-কে শক্তিশালী ও গতিশীল করতে বলিষ্ঠ ভূমিকা পালন করেছেন। এছাড়াও বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়ার নেতৃত্বে গণতান্ত্রিক অধিকার আদায়ের প্রতিটি আন্দোলনে সাহসিকতার সাথে সংগ্রাম করেছেন। ‘৭১ এর স্বাধীনতা যুদ্ধে বীর মুক্তিযোদ্ধা হিসেবে তাঁর অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে। একজন জনপ্রিয় রাজনীতিবিদ এবং জনপ্রতিনিধি হিসেবে জনকল্যানমূলক কাজে তিনি নিজেকে সবসময় যুক্ত রেখেছিলেন। আমি তাঁর মৃত্যুতে গভীরভাবে শোকাহত ও ব্যথিত হয়েছি। মহান রাব্বুল আলামীনের দরবারে দোয়া করি তিনি যেন মরহুম নজির হোসেনকে বেহেস্ত নসীব এবং গভীর শোকে শ্রিয়মান পরিবারবর্গকে ধৈর্য্য ধারণের ক্ষমতা দান করেন।”

বিএনপি মহাসচিব শোকবার্তায় মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যবর্গ, আত্মীয়স্বজন, গুণগ্রাহী ও শুভানুধ্যায়ীদের প্রতি গভীর সমবেদনা জানান।

বার্তা প্রেরক

এ্যাডঃ তাইফুল ইসলাম টিপু

সহ-দফতর সম্পাদক

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি।